

আরসিডি সার্কুলার নম্বর: ১২৬/২৬

তারিখ: ০১/১০/২০২৬  
১৬ আশ্বিন ১৪৩৩

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক  
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক পিএলসি.  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা  
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয় : 'পার্সোনাল লোন' নীতিমালার কতিপয় অনুচ্ছেদ সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে পার্সোনাল লোন সংক্রান্ত আরসিডি সার্কুলার নং: ১১৯/২৫ তারিখ: ০৪/১১/২০২৫ এবং আরসিডি সার্কুলার নং-১২২/২৬ তারিখ: ১৯/০৭/২০২৬ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। ১২/০৮/২০২৬ তারিখে অনুষ্ঠিত Zoom Meeting এ মার্চ পর্যায়ের চাহিদা এবং অন্যান্য রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের সাথে সামঞ্জস্য রেখে "পার্সোনাল লোন" নীতিমালার কতিপয় অনুচ্ছেদ সংশোধনের সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্সোনাল লোনের কতিপয় নীতিমালা সংশোধনের প্রস্তাব গত ২৯/০৯/২০২৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৯০৩তম সভায় উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয়। পরিচালনা পর্ষদের নির্দেশনার আলোকে পার্সোনাল লোনের কতিপয় নীতিমালা নিম্নোক্তভাবে সংশোধন করা হলো :-

পার্সোনাল লোন এর বিদ্যমান ও সংশোধিত নীতিমালাঃ

| ক্রঃ<br>নং | সংশোধনীতব্য<br>বিষয় | বিদ্যমান নীতিমালা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 | সংশোধিত নীতিমালা                                                                                                                                                                                                                                                                                                                                                                               |
|------------|----------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ০১         | ঋণের সিলিং           | গ্রাহক প্রতি সর্বোচ্চ ঋণসীমা ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা।<br>(তবে ১০.০০ (দশ) লক্ষ টাকার অধিক ঋণের ক্ষেত্রে উপযুক্ত জামানত হিসেবে আরসিডি সার্কুলার নং ১১৯/২৫ তারিখ: ০৪/১১/২০২৫ এর ২.০৭ অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলীসহ অন্য কোন বিধি-নিষেধ আরোপিত না থাকলে প্রভিডেন্ট ফান্ড অথবা ওয়েজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ড/আইসিবি ইউনিট সার্টিফিকেট/বিভিন্ন ডিপোজিট স্কীম/এফডিআর হিসাবের স্থিতি প্রুজ/লিয়েন রেখে Face Value/স্থিতির ৮০% পর্যন্ত ঋণ প্রদান করা যাবে।) | গ্রাহক প্রতি সর্বোচ্চ ঋণসীমা ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা। এক্ষেত্রে গ্রাহকের ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত বেতন অন্য কোন ব্যাংক/শাখায় স্থানান্তর করা হবে না মর্মে বেতন প্রদানকারী/যথাযথ কর্তৃপক্ষের নিশ্চয়তা গ্রহণ করতে হবে। এছাড়া গ্রাহকের আয়ের অন্য কোন উৎস থাকলে মাসিক বেতন দ্বারা কিস্তি পরিশোধিত না হলেও সহায়ক জামানত গ্রহণ সাপেক্ষে সর্বোচ্চ ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা ঋণ প্রদান করা যাবে। |
| ০২         | সুদের হার            | ১৩.০০% (চক্রবৃদ্ধি) হারে ত্রৈমাসিক ভিত্তিতে আরোপযোগ্য (সুদ হার পরিবর্তনশীল)।                                                                                                                                                                                                                                                                                                                                                                      | ১২.০০% (চক্রবৃদ্ধি) হারে ত্রৈমাসিক ভিত্তিতে আরোপযোগ্য (সুদ হার পরিবর্তনশীল)।                                                                                                                                                                                                                                                                                                                   |

৩.০০। পার্সোনাল লোন সংক্রান্ত আরসিডি সার্কুলার নং-১২২/২৬ তারিখ: ১৯/০৭/২০২৬ এর অনুচ্ছেদ নং ৩.০০ অকার্যকর বলে গণ্য হবে।

৪.০০। পার্সোনাল লোন সংক্রান্ত আরসিডি সার্কুলার নং- ১১৯/২৫ তারিখ: ০৪/১১/২০২৫ এবং আরসিডি সার্কুলার নং-১২২/২৬ তারিখ: ১৯/০৭/২০২৬ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এমতাবস্থায়, উপরে বর্ণিত নীতিমালা ও শর্তাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক এ কর্মসূচীর আওতায় ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,

  
ফরিদা পারভীন  
উপ-মহাব্যবস্থাপক

  
মো: আব্দুল মতিন  
মহাব্যবস্থাপক